**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**যশোর শাখা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মেসার্স জাবেদ এন্ড ব্রাদার্স, মেসার্স জাবেদ রাইস মিল এবং মেসার্স জাবেদ অয়েল মিল,** মালিক জনাব মোঃ আব্দুল মান্নান, পিতাঃ- মৃত সরন্ন মিয়া, মাতাঃ- মোছাঃ আমেনা খাতুন, ঘুনি, পদ্মবিলা, ডাকঘরঃ শাখারিগাতী -৭৪০৬, থানা-কোতয়ালী, জেলা-যশোর কর্তৃক ইউসিবি, যশোর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহীতা মোঃ আব্দুল মান্নান এবং তাহার শ্বশুর মোঃ আব্দুস ছামাদ গাজী নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ৰমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০৮.২০১৭ ইং তারিখ পর্যন্ৰ ব্যাংকের পাওনা মেসার্স জাবেদ এন্ড ব্রাদার্স হিসাবে ১,১২,৯৩,০১৫.৮০ টাকা, মেসার্স জাবেদ রাইস মিল হিসাবে টাকা ৭৫,৭০,৪৪১.৮৬ টাকা এবং মেসার্স জাবেদ অয়েল মিল হিসাবে ৭৫,৭২,০৬৩.২৯ টাকা সর্বমোট ২,৬৪,৩৫,৫২০.৯৫ (দুই কোটি চৌষট্টি লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচ শত বিশ টাকা পঁচানব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেস্নখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা- যশোর, থানা- কোতয়ালীর অধীন ২৩৩ নং ঘুনি মৌজায় খতিয়ান নং সিএস- ৯১০, এসএ- ৮৩৫, আরএস/ডিপি-৮৯৮, পৃথক-২০৩৮, দাগ নং সিএস- ১৫৮৮, এসএ- ১৫৮৮, আরএস- ২৭৭০; পরিমাণ- ১২ শতক জমাজমি তদাস্থিত স্থাপনাদি। (মালিক- মোঃ আব্দুল মান্নান)।

২। জেলা- যশোর, থানা- কোতয়ালীর অধীন ২৩৫ নং পদ্মবিলা মৌজায় খতিয়ান নং সিএস- ১০৬, ১৬৪; এসএ- ১০৮,১৮৪; বুজ/আরএস-৯৯; ডিপি-৪৭৯; পৃথক- ৫৭৪,৫৫৯; দাগ নং সিএস- ১৪৬, ১৫৬; এসএ- ১৪৬, ১৫৬; আরএস- ২০৯, ২০৭; পরিমাণ-১৮.০০(৭.০০+১১.০০) শতক জমাজমি এবং তদাস্থিত স্থাপনাদি। (মালিক- মোঃ আব্দুল মান্নান)।

৩। জেলা- যশোর, থানা- কোতয়ালীর অধীন ২১০ নং চাউলিয়া মৌজায় খতিয়ান নং সিএস- ৫১০, এসএ- ৪১৫, বুজ/আরএস-৩২; ডিপি-৩৪২,৩৬২; পৃথক-১৫৬৪, ১৪৫০; দাগ নং সিএস-৪৬৪,৫০৮,৫০৯; এসএ-৪৬৪,৫০৮,৫০৯; আরএস- ২৩৬,৭৩; পরিমাণ- ৭৯.৫০ (১৪.০০+৫৭.০০+৮.০০+০.৫০) শতক জমাজমি এবং তদাস্থিত স্থাপনাদি। (মালিক- মোঃ আব্দুল মান্নান এবং মোঃ আব্দুস সামাদ গাজী)।

৪। জেলা- যশোর, থানা- কোতয়ালীর অধীন ২৩৩ নং ঘুনি মৌজায় খতিয়ান সিএস-৪৮০,৮৭৬,৯৬০,১৮২৪,৯৫২,৯৬১,১০৩৯,১৩৫৩,১৩৬৭ ৮৭৪, ১৬৬৮; এসএ- ৪৩৬,৭৯৯,৮০০,৮৭৩,৮৮১,৮৯৮,৯৫৪,১২৮৩,১৬৩২,১৬৩৩ বুজ/আরএস-৮৬৮,৮৯৮,৯৫২; পৃথক-২০৫০; দাগনং-সিএস/এসএ-১৫০৯,১৫৩২,১৫১৯,১৪৬২,১৪৮৩,১৪৪৭,১৪২৩,১৪২৫,১৪২৭,১৪২৪,১৫৩৭,১৫১০,১৪৩৭,১৫১৫,১৫৩৩,১৪৪৬; আরএস-২৬০৬,২৬৩৯,২৫৮৫,২৪৪৮,২৬৫৯,২৬৬১,২৬৬৪,২৬৬৬,২৬৬৫,২৫১৪,২৬০৬,২৫৩৩,২৫৯৬,২৬৩৭,২৬৫৮;পরিমাণ-১৬১.০০ (১৫.০০+৩৬.০০+১৬.০০+৫.০০+৫.০০+৭.০০+৬.০০+২৪.০০+৪.০০+১.০০+১৫.০০+৫.০০+১২.০০+৫.০০+৫.০০)শতক জমাজমি। (মালিক-মোঃ আব্দুল মান্নান)।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ২৩.১০.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপৰ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্যান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্ৰাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাৰরকারী উক্ত দর প্রস্ৰাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপৰ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্ৰান্ৰর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ৰ যাবতীয় খরচ যেমন– রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্ৰারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাৰরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, যশোর শাখা।**